

চার বছরের অনার্সধারীরা প্রথম শ্রেণীর চাকরির যোগ্য

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৷ সরকারী, আধাসরকারী, স্বায়ত্তশাসিত সংস্থা এবং বেসরকারী প্রতিষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চার বছর মেয়াদী অনার্স ডিগ্রীধারীরা প্রথম শ্রেণীর চাকরির যোগ্য বলে গণ্য হবে। পাশাপাশি এই ডিগ্রী দেশের অন্যান্য (অনার্স) চার বছর মেয়াদী ডিগ্রীর সমতুল্য হবে। সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের এক সিন্ডিকেট সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়। তবে চার বছর মেয়াদী অনার্স শেষেই বুয়েট বিআইটির মতো

প্রফেশনাল ডিগ্রী দেয়া হবে কিনা সে বিষয়ে কোন সিদ্ধান্ত হয়নি। সিন্ডিকেট সভায় সূত্র জানা গেছে, ইতোমধ্যে চার বছর মেয়াদী অনার্স ডিগ্রীধারীদের প্রথম শ্রেণীর পদমর্যাদা প্রদান করার জন্য বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে শিক্ষা মন্ত্রণালয়, সংস্থাপন মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনসহ বিভিন্ন সরকারী, বেসরকারী, স্বায়ত্তশাসিত সংস্থার কাছে অনুরোধ জানানো হয়েছে। এদিকে বিশ্ববিদ্যালয়ের এই সিদ্ধান্তটি নিয়ে ছাত্রছাত্রীদের মধ্যে প্রশ্ন দেখা দিয়েছে। চার বছর মেয়াদী অনার্স ডিগ্রীধারীরা তিন বছর মেয়াদী অনার্স এবং এক বছর মেয়াদী মাস্টার্স ডিগ্রীধারীদের সমতুল্য হবে কিনা সে বিষয়ে স্পষ্ট করে কিছুই বলা হয়নি।